

প্রেমেরও অধিক কিছু

রাজন নন্দী

প্রেমের থেকে জন্ম নিয়েই তারা
তেপান্তরের মাঠ পেরিয়ে টগবগিয়ে ছোটে।
রাজকন্যা একজনই থাকে।
প্রাসাদ চুঁড়ায় চিলে কোঠায় অপেক্ষায় ক্ষণ কাটে।
তারপর দল বেঁধে তারা আসে,
যৌবনটাই এমন সব প্রেমের জোয়ারে ভাসে।
হয়ত অমোঘ কোন সূত্র আছে প্রেমের।
রাজকন্যা একজনকেই আঁকড়ে ধরে পাশে।

এরপরে নয়টি মাস ভাঙ্গা গড়া চলে।
মায়ের পেটে কান ঠেকিয়ে বাবা লোকটি বলে, কেমন আসিছ বাছা!
মায়ের মুখে খেলে তখন সোনার রংয়ের আভা;
জীবন থেকে বিন্দু বিন্দু স্বপ্ন দিয়ে আঁকা ফুটফুটে এক শিশু।
প্রেমের থেকে জন্ম লয় প্রেমেরও অধিক কিছু।
